

মডেল অ্যাক্টিভিটি টাস্ক
পরিবেশ ও বিজ্ঞান
অষ্টম শ্রেণি

১. ঠিক উত্তর নির্বাচন করো :

- ১.১ চাপের SI একক হলো — (ক) নিউটন (খ) নিউটন বর্গমিটার (গ) নিউটন/বর্গমিটার (ঘ) নিউটন/বর্গমিটার।
- ১.২ আইসোবারদের ক্ষেত্রে নীচের যে কথাটি ঠিক তা হলো এদের — (ক) ভর সমান (খ) প্রোটনসংখ্যা সমান (গ) নিউট্রনসংখ্যা সমান (ঘ) ভরসংখ্যা সমান।
- ১.৩ যে কৌশলীয় অঙ্গাণুর মধ্যে পুরোনো জীর্ণ কোশকে ধ্বংস করার জন্য নানা ধরনের উৎসেচক থাকে তা হলো — (ক) মাইটোকন্ড্রিয়া (খ) রাইবোজোম (গ) নিউক্লিয়াস (ঘ) লাইসোজোম।

২. সংক্ষিপ্ত উত্তর দাও :

- ২.১ এক কিলোগ্রাম ভরের বস্তুকে পৃথিবী কত পরিমাণ বল দিয়ে আকর্ষণ করে?
- ২.২ লঘু অ্যাসিড থেকে হাইড্রোজেন গ্যাস মুক্ত করার ক্রমহ্রাসমান প্রবণতা অনুসারে কয়েকটি ধাতুকে সাজিয়ে দেওয়া হলো — Na, Fe, (H), Cu, Au। এই তথ্য থেকে সবচেয়ে তড়িৎঋণাত্মক ধাতুটিকে চিহ্নিত করো।
- ২.৩ চোখের রেটিনায় উপস্থিত কোন কোশ মৃদু আলোয় দর্শনে সাহায্য করে?

৩. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :

- ৩.১ কুলম্বের সূত্রের গাণিতিক রূপটি লেখো এবং K রাশিটির SI একক উল্লেখ করো।
- ৩.২ খুব শুকনো ও ঠান্ডা পরিবেশে বসবাসকারী প্রাণীদের দেহে কী কী বিশেষ বৈশিষ্ট্য দেখা যায়?

৪. তিন-চারটি বাক্যে উত্তর দাও :

- ৪.১ সমযোজী বন্ধন দিয়ে গঠিত জল, মিথেন এবং অ্যামোনিয়া অণুর প্রাথমিক গঠন কীরকমের তা ঐঁকে দেখাও।
- ৪.২ এন্ডোপ্লাজমীয় জালিকার গঠন ও কাজ উল্লেখ করো।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোন অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।